08/02/2022

AP-1

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগ
পরিকল্পনা-২ শাখা
www.mor.gov.bd

নং- ৫৪.০০.০০০০.০০৩.০১৪.০১১.২০১৬ (অংশ-৩/নতুন)-১৮

তারিখঃ ২৩ মাঘ, ১৪২৮ / ০৬ ফেব্রুয়ারি, ২০২২

বিষয়ঃ মাসিক উন্নয়ন পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২১-২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় রেলপথ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ রেলওয়ে কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির (ডিসেম্বর, ২০২১ পর্যন্ত) ওপর মাসিক উন্নয়ন পর্যালোচনা সভা ১৯ জানুয়ারি, ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে এইসাথে প্রেরণ করা হলো।

6/02/2022

(মুহাম্মদ আব্দুস সালাম)
উপসচিব
ফোন: ৪১০৫০২৩৮
planning2mor@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা [দৃ.আ. পরিচালক-৫]
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা
৪. সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৫. সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা [দৃ.আ.যুগ্ম-প্রধান, ভৌত অনুবিভাগ]
৬. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা [দৃ.আ. মহাপরিচালক, পরিবহণ সেক্টর]
৭. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৮. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
৯. অতিরিক্ত মহাপরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
১০. মহাব্যবস্থাপক/পশ্চিম, রাজশাহী ও মহাব্যবস্থাপক/পূর্ব, চট্টগ্রাম, বাংলাদেশ রেলওয়ে
১১. অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাব অধিকর্তা/প্রকল্প, বাংলাদেশ রেলওয়ে, কমলাপুর, ঢাকা
১২. প্রকল্প পরিচালক (সকল) বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা

অনুলিপি (সদয় অবগতি/কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. অতিরিক্ত সচিব (সকল) রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
২. যুগ্ম-সচিব (উন্নয়ন/পরিকল্পনা), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভভন, ঢাকা
৪. প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
৬. উপসচিব (পরিকল্পনা-১, উন্নয়ন-১/২/৩), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
৭. সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-৩), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
৮. প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (কার্যবিবরণীটি আপলোড করার অনুরোধসহ)
৯. সংশ্লিষ্ট নথি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
পরিকল্পনা-২ শাখা
রেলভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা

**বিষয়: মাসিক উন্নয়ন পর্যালোচনা (ডিসেম্বর, ২০২১ পর্যন্ত) সভার কার্যবিবরণী**

সভাপতি : ড. মোঃ হুমায়ুন কবীর
সচিব, রেলপথ মন্ত্রণালয়

তারিখ ও সময় : ১৯ জানুয়ারি, ২০২২; সকাল ১১:০০ ঘটিকা

স্থান : বাংলাদেশ রেলওয়ের সম্মেলন কক্ষ ( কক্ষ নং-৮২৫), রেলভবন, ঢাকা

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা **পরিশিষ্ট-'ক'** তে সংযুক্ত।

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি দেশকে মায়ের সাথে তুলনা করে মাতৃভূমির কল্যাণে সকলকে স্ব-স্ব কর্ম সম্পাদনের অনুরোধ করেন। তিনি প্রকল্প পরিচালকগণকে প্রকল্প এলাকায় অবস্থানপূর্বক সংশ্লিষ্ট ঠিকাদারের উপস্থিতিতে প্রকল্প এলাকা নিয়মিতভাবে পরিদর্শন করে প্রকল্পের কাজের গুণগতমান নিশ্চিত করতে অনুরোধ করেন। বাংলাদেশ রেলওয়ের মাস্টার প্ল্যান অনুযায়ী ২০৪৫ সালের পর থেকে সারাদেশে ব্রডগেজ লাইন চালু হবে বিধায় রেললাইন নির্মাণ ও কোচ সংগ্রহের ক্ষেত্রে মিটার গেজের পরিবর্তে ব্রডগেজকে অগ্রাধিকার দিয়ে প্রকল্প বাস্তবায়নসহ সকল কাজ চলমান, প্রক্রিয়াধীন, দ্রুত সম্পাদন করা হবে উল্লেখ না করে নির্দিষ্ট সময় উল্লেখপূর্বক সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ করার পরামর্শ প্রদান করেন।

অতঃপর পূর্ববর্তী সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সভায় দৃঢ়ীকরণ করা হয়। তিনি যুগ্মসচিব (পরিকল্পনা), রেলপথ মন্ত্রণালয়-কে সভার কার্যপত্রে বর্ণিত এজেন্ডা অনুযায়ী বিষয়গুলো উপস্থাপনের অনুরোধ করেন।

২.১ যুগ্মসচিব (পরিকল্পনা), রেলপথ মন্ত্রণালয় এজেন্ডা অনুযায়ী উপস্থাপনের শুরুতেই ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে রেলপথ মন্ত্রণালয়ের আওতাভুক্ত বাস্তবায়নাধীন ৩৬টি (৩২টি বিনিয়োগ ও ৪টি কারিগরি সহায়তা) প্রকল্পের বরাদ্দ এবং অগ্রগতি নিম্নরূপে তুলে ধরেনঃ

| বিবরণ | এডিপি বরাদ্দ (কোটি টাকা) | ডিসেম্বর, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | | |
|---|---|---|---|---|
| | | আর্থিক (কোটি টাকা) | হার | জাতীয় |
| জিওবি | ৩,২৭১.৮৯ | ৯৫০.৯৩ | ২৯% | - |
| পিএ | ১০,০৯৯.৫৬ | ২,৬৫১.৯১ | ২৬% | - |
| **মোট** | ১৩,৩৭১.৪৫ | ৩,৬০২.৮৪ | ২৭% | ২৩% |
| পূর্ববর্তী বছর একই সময় (ডিসেম্বর, ২০২০) পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতির হার ছিল | | | ২৫% | |

৩.০ আলোচনা

২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে চলমান প্রকল্পসমূহের ডিসেম্বর, ২০২১ পর্যন্ত সময়ের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা ও নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র. | প্রকল্পের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩.১ | পদ্মা সেতু রেল সংযোগ (১ম সংশোধিত) | ১। প্রকল্প পরিচালক জানান, ডিসেম্বর, ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি প্রায় ৫২% ও ভৌত অগ্রগতি ৫১%। তিনি আরো জানান, ফাস্ট ট্র্যাকভুক্ত প্রকল্পটির অনুকূলে ২০২১-২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দকৃত ৩৮২৩.৫১ কোটি টাকার মধ্যে ২৯০০ কোটি টাকা খরচ হয়েছে৷ প্রকল্পের কাজ চলমান রাখার স্বার্থে চলতি অর্থবছরে এডিপি বরাদ্দের অতিরিক্ত হিসেবে থোক থেকে ১৩৬২.৪৩ কোটি টাকা প্রয়োজন যার মধ্যে প্রকল্প সাহায্য ৪০০.০০ কোটি টাকা এবং জিওবি ৯৬২.৪৩ কোটি টাকা। যুগ্মসচিব (পরিকল্পনা) জানান, প্রকল্প সাহায্য বরাদ্দের জন্য অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) এবং জিওবি খাতে বরাদ্দের জন্য অর্থবিভাগে পত্র প্রেরণ করা হয়েছে৷ | ১। থোক থেকে অতিরিক্ত বরাদ্দ অনুমোদনের জন্য অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, পরিকল্পনা কমিশন ও অর্থবিভাগে যোগাযোগ অব্যাহত রাখতে হবে৷ | ১। অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), রেলপথ মন্ত্রণালয় |
| | | ২। প্রকল্প পরিচালক পদ্মা সেতু ট্রাক স্লাবের কংক্রিটিং কাজের উপর Vibration Effect বিষয়ে টেকনিক্যাল কমিটির মতামত নিয়ে সভায় আলোচনা করেন। ট্রাফিক এবং এর গতি নিয়ন্ত্রণের মাধ্যমে Vibration Effect ম্যানেজ করা যেতে পারে মর্মে তিনি সভায় জানান। সভাপতি এ সমস্যা নিরসনে বিশেষজ্ঞ মতামত গ্রহণ করার পরামর্শ দেন। | ২। Vibration Effect নিয়ন্ত্রণে বিশেষজ্ঞ মতামত গ্রহণ করতে হবে। | ২। সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.২ | দোহাজারী হতে রামু হয়ে কক্সবাজার এবং রামু হতে মায়ানমারের নিকটে গুনদুম পর্যন্ত সিঙ্গেল লাইন ডুয়েলগেজ ট্র্যাক নির্মাণ (১ম সংশোধিত) | ১। প্রকল্প পরিচালক জানান, ডিসেম্বর, ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৩৪.৫৪% ও ভৌত অগ্রগতি ৬৬%; ভূমি সংক্রান্ত সম্পূর্ণ অর্থ খরচ করা সম্ভব হয়নি বিধায় অগ্রগতি কম হয়েছে৷ প্রকল্প পরিচালক আরো জানান, প্রকল্পের মেয়াদ ৩০.০৬.২০২২ পর্যন্ত থাকলেও কোভিড ১৯ ও অন্যান্য প্রতিকূলতার জন্য ২ বছর (০১ বছর ডিফেক্ট লায়াবিলিটি পিরিয়ডসহ) মেয়াদ বৃদ্ধির জন্য প্রস্তাব করা হয়েছে৷ সভাপতি বলেন, ডিসেম্বর ২০২২ এর মধ্যে এ রুটে ট্রেন পরিচালনার জন্য লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম এগিয়ে নিতে হবে; এক্ষেত্রে লাইন নির্মাণ অগ্রাধিকারভাবে করতে হবে এবং অন্যান্য সহায়ক কার্যাবলি সে অনুযায়ী সম্পন্ন করতে হবে। | ১। ডিসেম্বর ২০২২ এর মধ্যে এ রুটে ট্রেন পরিচালনার লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করতে হবে। | ১। সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| | | ২। প্রকল্প পরিচালক আরো জানান, বিএডিসিকে ১০ একর ভূমি অধিগ্রহণ করে দেওয়া ও কক্সবাজার পর্যন্ত অংশে PGCB, BPDB এবং REB'র Overhead Transmission Tower সমূহের স্থানান্তর সংক্রান্ত বিষয়ে শীঘ্রই আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হবে। সভাপতি সকল কাজ দ্রুততার সাথে সম্পন্ন করতে নির্দেশনা প্রদান করেন। | ২। বিএডিসি ও বিদ্যুৎ বিভাগের সাথে আন্তঃমন্ত্রণালয় সভা করতে হবে। | ২। অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), রেলপথ মন্ত্রণালয় |

| ক্র. | প্রকল্পের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩.৩ | বঙ্গবন্ধু শেখ মুজিব রেলওয়ে সেতু | প্রকল্প পরিচালক জানান, ডিসেম্বর, ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ২৩.৫৬% ও ভৌত অগ্রগতি ৩৬%; তবে কোভিড-১৯ মহামারির জন্য নির্মাণ কাজ কিছুটা ব্যাহত হয়েছে। প্রকল্পের বর্তমান অবস্থা জানতে চাইলে তিনি বলেন, মিয়ানমার ও ভিয়েতনামে সুপার স্ট্রাকচারের ফেব্রিকেশনের কাজ চলমান রয়েছে। কোভিড-১৯ এর কারণে কাজের মান কম হলেও পরবর্তী ৩ মাসের মধ্যে কাজের অগ্রগতি বৃদ্ধি পাবে মর্মে তিনি আশা প্রকাশ করেন। | নির্ধারিত সময়ে কর্মপরিকল্পনা অনুযায়ী আর্থিক ও ভৌত কাজ সম্পাদনের লক্ষ্যে বিশেষ কার্যক্রম গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.৪ | খুলনা হতে মংলা পোর্ট পর্যন্ত রেলপথ নির্মাণ (২য় সংশোধিত) | প্রকল্প পরিচালক জানান, ডিসেম্বর, ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৮৩.৫৮% ও ভৌত অগ্রগতি ৮৮.০২%। প্রকল্প পরিচালক আরো উল্লেখ করেন, WD-1 সিগন্যালিং কাজের জন্য দুইবার টেন্ডার আহবান করা হলেও প্রত্যেকবারই অফিসিয়াল প্রাক্কলন অপেক্ষা অনেক বেশি মূল্যে দরপত্র দাখিল করা হয়। তিনি বলেন, সম্প্রতি স্থানীয় সরবরাহকারী কর্তৃক সম্পাদিত এ জাতীয় কাজের চুক্তিমূল্য বাজার-মূল্যের সাথে সামঞ্জস্যপূর্ণ বিধায় ক্রয় পদ্ধতি পরিবর্তন করে জিওবি অর্থায়নে প্রকল্পটির সিগন্যালিং অংগটি বাস্তবায়ন করা হলে অর্থ সাশ্রয় হবে। সভায় তিনি জানান, আরডিপিপিতে নতুনভাবে সংযোজিত আন্ডারপাস নির্মাণের লক্ষ্যে ড্রয়িং ও ডিজাইন প্রস্তুতের জন্য পরামর্শক প্রতিষ্ঠানকে অনুরোধ করা হয়; কিন্তু অদ্যাবধি ড্রয়িং ও ডিজাইন পাওয়া যায়নি। পরামর্শক প্রতিষ্ঠান এ বাবদ অতিরিক্ত বিলের দাবি করছে মর্মে তিনি জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১। সিগন্যালিং কাজের জন্য ঠিকাদার নিয়োগের বিষয়টি যৌক্তিকভাবে দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br><br>২। আন্ডারপাস নির্মাণের লক্ষ্যে ড্রয়িং ও ডিজাইনের কাজ দ্রুত নিষ্পত্তি করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.৫ | আখাউড়া থেকে লাকসাম পর্যন্ত ডুয়েলগেজ ডাবল রেললাইন নির্মাণ এবং বিদ্যমান রেল লাইনকে ডুয়েলগেজে রূপান্তর (১ম সংশোধিত) | প্রকল্প পরিচালক জানান, ডিসেম্বর, ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৭৩.% ও ভৌত অগ্রগতি ৭৯.৫০%। সীমান্ত সংলগ্ন স্থানে রেললাইন নির্মাণের নিমিত্ত ভারতীয় হাইকমিশন থেকে বিএসএফকে এবং রেলওয়ের পক্ষ থেকে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে পত্র দেওয়া হয়েছে; তথাপি বিএসএফ থেকে অনাপত্তি পাওয়া যায়নি মর্মে তিনি সভায় জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সীমান্ত সংলগ্ন স্থানে রেললাইন নির্মাণের বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়, ইআরডিসহ সংশ্লিষ্ট সকলের সাথে নিয়মিত যোগাযোগ রাখতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |

| ক্র. | প্রকল্পের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩.৬ | বাংলাদেশ রেলওয়ের ঢাকা-টঙ্গী সেকশনের ৩য় ও ৪র্থ ডুয়েল গেজ লাইন এবং টঙ্গী-জয়দেবপুর সেকশনে ডুয়েল গেজ ডাবল লাইন নির্মাণ (১ম সংশোধিত) | প্রকল্প পরিচালক জানান, ডিসেম্বর, ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৫১.২৫০% ও ভৌত অগ্রগতি ৫৫.৫০%। টংগী-জয়দেবপুর অংশের কাজ ডিসেম্বর, ২০২১ এর মধ্যে সমাপ্তির সময়সীমা থাকলেও ভৌত কাজের জন্য প্রয়োজনীয় ব্যালাস্ট না পৌঁছানোর কারণে কাজটি শেষ করা যায়নি মর্মে তিনি জানান। তিনি আরো বলেন, জুন, ২০২২ এর মধ্যে কাজটি সমাপ্ত করার নতুন টার্গেট নির্ধারণ করা হয়েছে এবং মহাখালী থেকে কমলাপুর অংশে এলিভেটেড এক্সপ্রেসওয়ে এর কাজের জন্য প্রকল্পের কাজ শুরু করা যাচ্ছে না; তবে এলিভেটেড এক্সপ্রেসওয়ের কাজ শেষ হলে প্রকল্পের এ অংশের কাজ শুরু করা যাবে। এলিভেটেড এক্সপ্রেসওয়ে-অংশের কাজ শেষ হতে জুন, ২০২৪ পর্যন্ত সময় লাগতে পারে বলে তিনি সভায় জানান। ঢাকা ক্যান্টনমেন্ট এলাকায় বাউন্ডারি ওয়াল ১ থেকে ১.৫ মিটার ক্যান্টনমেন্টের ভিতরে নিতে হবে বিধায় বিষয়টি সমাধান না হওয়ায় এ অংশে কাজ শুরু করা যাচ্ছে না। বিমান বন্দরে মাল্টি মোডাল হাব নির্মাণ করা হবে বিধায় সিভিল এভিয়েশনের সাথে জমি সংক্রান্ত জটিলতা থাকায় এ অংশে কাজ করা যাচ্ছে না। এছাড়া, তিনি জানান, খিলগাঁও-মালিবাগ অংশে সিটি কর্পোরেশনের রাস্তার জন্য কাজ করা সম্ভব হচ্ছে না। প্রকল্পের আরডিপিপি প্রণয়নের কাজ চলমান রয়েছে বলে তিনি সভায় অবহিত করেন। | ১। মহাখালী কমলাপুর অংশে কাজ শুরু করার জন্য এলিভেটেড এক্সপ্রেসওয়ে এর প্রকল্প পরিচালকের সাথে যোগাযোগ করতে হবে।<br>২। সিভিল এভিয়েশন এবং সিটি কর্পোরেশনের সাথে আন্ত:মন্ত্রণালয় সভা করতে হবে।<br>৩। ঢাকা ক্যান্টনমেন্ট এলাকায় কাজ শুরু করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>৪। আরডিপিপি প্রস্তুত করে অনুমোদনের জন্য পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক<br>২। অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), রেলপথ মন্ত্রণালয়<br>৩। সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক<br>৪। সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.৭ | বাংলাদেশ রেলওয়ের রোলিং স্টক অপারেশন উন্নয়ন (রোলিং স্টক সংগ্রহ)। | প্রকল্প পরিচালক জানান, ডিসেম্বর ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১২.২১% ও ভৌত অগ্রগতি ১৬%। তিনি উল্লেখ করেন, ০৮টি লোকোমোটিভ ফেব্রুয়ারী, ২০২১ এ দেশে আনা হয়েছে এবং কমিশনিং এর অপেক্ষায় আছে। ৭৫টি এমজি ও ৫০টি বিজি ল্যাগেজ ভ্যানের ডিজাইন প্রস্তুতের কাজ চলমান রয়েছে এবং Presentation প্রস্তুত করা হয়েছে; মন্ত্রী মহোদয় কর্তৃক সময়সূচি নির্ধারিত হলে উপস্থাপিত হবে। ঋণের মেয়াদ ডিসেম্বর, ২১ এর পরিবর্তে জুন, ২২ পর্যন্ত বৃদ্ধিসহ প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা প্রয়োজন মর্মে তিনি সভায় জানান। প্রকল্প পরিচালক আরো জানান, ৫৮০টি এমজি ও ৪২০টি বিজি ওয়াগন ক্রয়ের জন্য পুনরায় দরপত্র আহবান করা হয়েছে। সভাপতি ক্রয়তব্য ওয়াগন ও এর যন্ত্রাংশ যাতে বিদ্যমান ওয়াগনের সাথে সামঞ্জস্যপূর্ণ হয়, সে বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহন করতে পরামর্শ প্রদান করেন। | ১। ল্যাগেজ ভ্যানের ডিজাইন প্রেজেন্টেশন আকারে সকলকে দেখাতে হবে।<br>২। ওয়াগনসমূহ ও এর যন্ত্রাংশ যেন চলমান ওয়াগনের সাথে সামঞ্জস্যপূর্ণ হয় সে বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>৩। ঋণের মেয়াদ ডিসেম্বর/২১ এর পরিবর্তে জুন/২২ পর্যন্ত বৃদ্ধিসহ প্রকল্পের মেয়াদ বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.৮ | বাংলাদেশ রেলওয়ের জয়দেবপুর হতে ঈশ্বরদী পর্যন্ত ডুয়েল গেজ ডাবল লাইন নির্মাণ প্রকল্প | প্রকল্প পরিচালক জানান, ডিসেম্বর ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ২.৭২% ও ভৌত অগ্রগতি ৬.২০%। চীন সরকার অর্থায়নে সম্মত না হওয়ায় বিকল্প অর্থায়নের বিষয়ে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সাথে যোগাযোগ করা হয়েছে। উল্লেখ্য, এ বিষয়ে জাইকা কর্তৃক আলোচ্য প্রকল্পে অর্থায়নে আগ্রহ প্রকাশ করেছে। জাইকার অর্থায়নের জন্য ইআরডি থেকে জাপান সরকারের নিকট পত্র মারফত অনুরোধ জানানো হয়েছে। জাইকা'র উত্তরের জন্য আপাতত অপেক্ষা করা যায়। | বিবেচ্য প্রকল্পে অর্থায়নের বিষয়ে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |

| ক্র. | প্রকল্পের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩.৯ | বাংলাদেশ রেলওয়ের জন্য মিটারগেজ ও ব্রডগেজ প্যাসেঞ্জার ক্যারেজ সংগ্রহ (সংশোধিত-১) | প্রকল্প পরিচালক জানান, ডিসেম্বর, ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৭৮.৩২% ও ভৌত অগ্রগতি ১০০%। তিনি আরো জানান, ১ম সংশোধিত প্রকল্পটি ১২.১২.২০২১ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির ভেরিয়েশন সিসিজিপি কর্তৃক অনুমোদিত হয়েছে এবং জিডি-৩ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। | যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে প্রকল্পের জিডি-৩ অনুমোদনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.১০ | মধুখালী হতে কামারখালী হয়ে মাগুরা শহর পর্যন্ত ব্রডগেজ রেলপথ নির্মাণ | প্রকল্প পরিচালক জানান, ডিসেম্বর, ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ২৭.১৭% ও ভৌত অগ্রগতি ৩৩.০২%। প্যাকেজ ডাব্লিউডি ১ ও ২ এর চুক্তিপত্র ২৩.০৫.২০২১ তারিখে স্বাক্ষরিত হয় এবং বর্তমানে ভৌত কাজ চলমান রয়েছে। প্রকল্প পরিচালক আরো জানান, প্রকল্পের মেয়াদ ৩০.০৪.০২২ পর্যন্ত থাকলেও প্রকল্পের ভৌত কাজ সমাপ্ত করতে আরো সময় প্রয়োজন হবে। বিস্তারিত আলোচনা শেষে সভাপতি প্রকল্পের সময় বৃদ্ধির লক্ষ্যে প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। | প্রকল্পের সময় বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.১১ | বাংলাদেশ রেলওয়ের জন্য লোকোমোটিভ, রিলিফ ক্রেন এবং লোকোমোটিভ সিমুলেটর সংগ্রহ | প্রকল্প পরিচালক জানান, ডিসেম্বর, ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৭৫.৬৩% ও ভৌত অগ্রগতি ৪৫.২১%। অত্র প্রকল্পের ঋণচুক্তির মেয়াদ বৃদ্ধির বিষয়ে এডিবি'কে অনুরোধ করার পরিপ্রেক্ষিতে মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। | রেলপথ মন্ত্রণালয় কর্তৃক ঋণের মেয়াদ বৃদ্ধির প্রশাসনিক আদেশ জারি করতে হবে। | অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), রেলপথ মন্ত্রণালয় |
| ৩.১২ | বাংলাদেশ রেলওয়ের জন্য ২০টি মিটারগেজ লোকোমোটিভ এবং ১৫০টি মিটারগেজ যাত্রীবাহী ক্যারেজ সংগ্রহ | প্রকল্প পরিচালক জানান, ডিসেম্বর, ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৪৭.৩৬% ও ভৌত অগ্রগতি ২৫.৪১%। তিনি আরো জানান, জানুয়ারি ২০২২ মধ্যে ২০টি এমটি লোকো চালু করা সম্ভব হবে।<br>প্যাকেজ ১ এর আওতায় সংগৃহীতব্য ২০টি মিটারগেজ ডিজেল ইলেকট্রিক লোকোমোটিভের মধ্য ১ম চালানে ১০ টি এমজি ডিই লোকোমোটিভ বাংলাদেশে পৌঁছেছে। উক্ত ১০টি লোকোমোটিভের মধ্যে ৪টি লোকোমোটিভ বাংলাদেশ রেলওয়ে বহরে ২৯.০৬.২০২১ তারিখে সংযোজিত হয়েছে এবং সুষ্ঠুভাবে ট্রেন পরিচালিত হচ্ছে। প্যাকেজ ২ এর আওতায় ১৫০ টি এমজি যাত্রীবাহী ক্যারেজ এর কয়েকটি ড্রইং ও ডিজাইন অনুমোদন প্রক্রিয়াধীন। ১৫০টি এমজি যাত্রীবাহী ক্যারেজ দক্ষিণ কোরিয়া থেকে সংগ্রহ করার জন্য ঠিকাদার নিয়োগ করতে হবে। কোভিড-১৯ এর কারণে কাজ ব্যাহত হয়েছে। সভাপতি ক্যারেজসমূহের ডিজাইন চলমান ক্যারেজসমূহের সাথে সামঞ্জস্য রেখে অত্যাধুনিক প্রযুক্তিতে নির্মাণের বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ এবং আলোচনা অনুযায়ী ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পটির মেয়াদ বৃদ্ধির প্রস্তাব প্রেরণের পরামর্শ প্রদান করেন। | ১। ক্যারেজসমূহের ডিজাইন চলমান ক্যারেজসমূহের সাথে সামঞ্জস্য রেখে অত্যাধুনিক প্রযুক্তিতে নির্মাণের বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>২। ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |

| ক্র. | প্রকল্পের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩.১৩ | বগুড়া হতে শহীদ এম মনসুর আলী স্টেশন, সিরাজগঞ্জ পর্যন্ত নতুন ডুয়েলগেজ রেলপথ নির্মাণ | প্রকল্প পরিচালক জানান, ডিসেম্বর, ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত কোন আর্থিক অগ্রগতি না থাকলেও ভৌত অগ্রগতি ৩%। তিনি আরো জানান, প্রকল্পটির পরামর্শক সেবা প্যাকেজ SD-1 এর জন্য পরামর্শক প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হয়েছে এবং পরামর্শক প্রতিষ্ঠান Inception Report জমা দিয়েছেন, যা মহাপরিচালকের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় Presentation হলে কতিপয় Observation দেয়া হয়। সে আলোকে ফিজিবিলিটি স্ট্যাডির রিপোর্ট চূড়ান্ত করা হচ্ছে। | ফিজিবিলিটি স্ট্যাডির রিপোর্ট দ্রুত চূড়ান্ত করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.১৪ | ঢাকা-নারায়ণগঞ্জ সেকশনে বিদ্যমান মিটারগেজ রেল লাইনের সমান্তরাল একটি ডুয়েলগেজ রেল লাইন নির্মাণ | প্রকল্প পরিচালক জানান, ডিসেম্বর, ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৫৪.৬২% ও ভৌত অগ্রগতি ৮১.৩০%। প্রকল্পের অগ্রগতি কম কেন সভায় জানতে চাওয়া হলে তিনি জানান, অনুমোদিত প্রকল্পে অতিরিক্ত অর্থের সংস্থান না থাকায় অতিরিক্ত কাজের জন্য ঠিকাদারের ভেরিয়েশন প্রস্তাব অনুমোদন করা সম্ভব হয়নি বিধায় বিল দেয়া সম্ভব হয়নি। পরিকল্পনা কমিশনের অনুমতি সাপেক্ষে প্রকল্প ব্যয় ৫% বৃদ্ধি করা হলে ঠিকাদারের বিল দেওয়া সম্ভব। এ সংক্রান্ত একটি প্রস্তাব রেলপথ মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রয়েছে। তাছাড়া, প্রকল্পটির সংশোধন প্রস্তাবও রেলপথ মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রয়েছে। এ পর্যায়ে সভাপতি প্রকল্প ব্যয় ৫% বৃদ্ধির প্রস্তাব এবং একইসাথে প্রকল্পের সংশোধন প্রস্তাব দ্রুত যাচাই সভা করে পরিকল্পনা কমিশনে প্রেরণের নির্দেশনা প্রদান করেন। | ১। প্রকল্প ব্যয় ৫% বৃদ্ধির প্রস্তাব দ্রুত পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।<br>২। প্রকল্পের সংশোধন প্রস্তাবের উপর দ্রুত যাচাই সভা করে মতামতসহ সংশোধনী প্রস্তাবটি পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), রেলপথ মন্ত্রণালয় |
| ৩.১৫ | আখাউড়া-আগরতলা ডুয়েলগেজ রেল সংযোগ নির্মাণ (বাংলাদেশ অংশ) | প্রকল্প পরিচালক জানান, ডিসেম্বর, ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ২৭.৬০% ও ভৌত অগ্রগতি ৫১%। প্রকল্পের অগ্রগতি কম কেন জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান, চুক্তি অনুযায়ী ভারত থেকে প্রকল্পের প্রয়োজনীয় মালামাল সংগ্রহ করতে হয়; কিন্তু কোভিড-১৯ এর কারণে সময় মতো স্লিপার সংগ্রহ করা সম্ভব হয়নি। তিনি আরো জানান, এমব্যাংকমেন্ট এর কাজ ৯৫% সমাপ্ত হয়েছে এবং স্লিপার ১৭.০১.২২ তারিখ থেকে আসতে শুরু করছে। তিনি সভায় অবহিত করেন, ২০.১২.২১ তারিখে বাংলাদেশ-ভারত যৌথ কমিটির সভায় ঠিকাদার প্রতিষ্ঠানের কাজে ধীরগতির দরুন তাকে বাদ দিয়ে পরামর্শক প্রতিষ্ঠানকে ঠিকাদার হিসাবে নিয়োগ করার বিষয়ে ভারতীয় কর্তৃপক্ষের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক ও অতিরিক্ত মহাপরিচাক (অবকাঠামো) এর সাথে বিষয়টি নিয়ে একাধিকবার আলোচনা হয়। তাঁরা জটিলতা নিরসনে নিযুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানকে দিয়ে তদারকি বৃদ্ধির মাধ্যমে যথাসময়ে কাজটি সমাপ্ত করার পরামর্শ দেন। | নির্দিষ্ট সময়ের মধ্যে কাজ শেষ করার জন্য বিশেষ কার্যক্রম গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |

| ক্র. | প্রকল্পের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩.১৬ | বাংলাদেশ রেলওয়ের জন্য ৭০টি মিটার গেজ ডিজেল ইলেকট্রিক লোকোমোটিভ সংগ্রহ প্রকল্প (১ম সংশোধিত) | সভায় জানানো হয়, Tenderer's Financing এ প্রকল্পটি বাস্তবায়ন করা সম্ভব হবে না, যদিও অদ্যাবধি প্রকল্পটির অনুকূলে জিওবি ৫.২৫ কোটি টাকা খরচ হয়েছে। চুক্তিবদ্ধ প্রতিষ্ঠান বাণিজ্যিক চুক্তি বাতিল এবং Performance Bank Guarantee ফেরত চাওয়ায় বিষয়টি নিয়ে পিআইসি সভায় বিস্তারিত আলোচনার পর সিপিটিইউ ও আইএমইডি'র মতামতের ভিত্তিতে কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত হয় গৃহীত হয়। | দ্রুত সিপিটিইউ ও আইএমইডি'র পরামর্শ গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.১৭ | বাংলাদেশ রেলওয়ের কুলাউড়া-শাহবাজপুর সেকশনের পুনর্বাসন | প্রকল্প পরিচালক জানান, ডিসেম্বর, ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১৯.৪৫% ও ভৌত অগ্রগতি ২৪.৪০%। প্রকল্পের পরামর্শক প্রতিষ্ঠানের মেয়াদ শেষ হয়ে যাওয়ায় পুনরায় পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে এবং কোভিড-১৯ এর কারণে ঠিকাদারি প্রতিষ্ঠানের কাজ বন্ধ রয়েছে মর্মে তিনি সভায় উল্লেখ করেন। প্রকল্পটির বিষয়ে ০৯.০১.২০২২ তারিখে রিভিউ মিটিং হয়েছে। সভায় বিস্তারিত আলোচনা শেষে ৩১.০১.২২ তারিখের মধ্যে গুরুত্বপূর্ণ ০৫টি কাজ শুরু না করা হলে ঠিকাদারি প্রতিষ্ঠানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পরামর্শ দেওয়া হয়। | ৩১.০১.২২ তারিখের মধ্যে গুরুত্বপূর্ণ ০৫টি কাজ শুরু করা না হলে ঠিকাদারি প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.১৮ | বাংলাদেশ রেলওয়ের ২১টি মিটারগেজ ডিজেল ইলেকট্রিক লোকোমোটিভ নবরূপায়ন প্রকল্প | প্রকল্প পরিচালক জানান, ডিসেম্বর, ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ০.০২%; তবে কোন ভৌত অগ্রগতি নেই এবং প্রকল্পটির জন্য তৃতীয়বারের মত পুনঃ দরপত্র আহবান করা হয়েছে। প্রকল্পটি বাস্তবায়নযোগ্য কিনা এ ব্যাপারে সভায় আলোচনা করে সিদ্ধান্ত প্রদানের জন্য তিনি অনুরোধ জানান। | পিআইসি ও পিএসসি সভার মাধ্যমে দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। | ১। অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), রেলপথ মন্ত্রণালয়<br>২। সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.১৯ | রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্রের জন্য সিগন্যালিংসহ রেল লাইন সংস্কার ও নির্মাণ (বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অর্থায়নে) | প্রকল্প পরিচালক জানান, ডিসেম্বর, ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৮৮.৬৮% ও ভৌত অগ্রগতি ৯৮.২২% এবং প্রকল্পের সকল কাজ যথাযথভাবে চলমান রয়েছে। জুন, ২০২২ এ প্রকল্পটি সমাপ্ত করা সম্ভব হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।। | প্রকল্প মেয়াদে সকল কাজ যথাযথভাবে শেষ করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |

| ক্র. | প্রকল্পের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩.২০ | বাংলাদেশ রেলওয়ের পূর্বাঞ্চলের লেভেল ক্রসিং গেইটসমূহের পুনর্বাসন ও মান উন্নয়ন (২য় সংশোধিত) | প্রকল্প পরিচালক (পূর্বাঞ্চল) জানান, ডিসেম্বর, ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৮৩.৭৩% ও ভৌত অগ্রগতি ১০০% এবং প্রকল্প পরিচালক (পশ্চিমাঞ্চল) জানান, জুলাই ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৮৩.৭৩% ও ভৌত অগ্রগতি ১০০%। | প্রকল্প দু'টির সংশোধন প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.২১ | বাংলাদেশ রেলওয়ের পশ্চিমাঞ্চলের লেভেল ক্রসিং গেইটসমূহের পুনর্বাসন ও মান উন্নয়ন (১ম সংশোধিত) | সভায় প্রকল্প দুটি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। জানা যায়, প্রকল্পদ্বয়ের সকল ভৌত কাজ সমাপ্ত হয়েছে এবং পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চলের গেটম্যানদেরকে বাংলাদেশ রেলওয়ের নিয়োগবিধি অনুযায়ী সরাসরি নিয়োগ দেওয়া হয়েছে। বর্তমানে প্রকল্পের জনবলকে সরাসরি রাজস্ব খাতে নিয়োগ দেওয়ার সুযোগ না থাকায় এ সকল জনবলের জন্য পদ সৃষ্টি করা প্রয়োজন মর্মে সভায় জানানো হয়। বাংলাদেশ রেলওয়ের নতুন জনবল কাঠামোতে গেটম্যানদের জন্য নতুন পদ সৃষ্টি করা হলেও প্রকল্পের আওতায় নিয়োগকৃত সকল গেটম্যান এর জন্য প্রয়োজনীয় সংখ্যক পদ সৃষ্টি হয়নি। প্রকল্প পরিচালক আরো জানান, প্রকল্পের জনবলের বেতনভাতা পরিশোধের সুবিধার্থে প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধি করা প্রয়োজন। | | |
| ৩.২২ | বাংলাদেশ রেলওয়ের খুলনা-দর্শনা জংশন সেকসনে ডাবল লাইন রেলপথ নির্মাণ | সভায় জানানো হয়, উভয় প্রকল্পের ডিসেম্বর, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক ও ভৌত অগ্রগতি শূন্য।<br><br>সভায় আরো জানানো হয়, প্রকল্প দুটির বিপরীতে পরামর্শক নিয়োগের লক্ষ্যে নেগোসিয়েশন সম্পন্ন হয়েছে এবং এক্সিম ব্যাংকের অনুমোদনের জন্য প্রেরণ করা হবে। | উভয় প্রকল্পে পিপিআর অনুসরণ পূর্বক দ্রুততার সাথে পরামর্শক নিয়োগ প্রক্রিয়া চূড়ান্ত করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.২৩ | বাংলাদেশ রেলওয়ের পার্বতীপুর হতে কাউনিয়া পর্যন্ত মিটারগেজ রেলওয়ে লাইনকে ডুয়েলগেজে রূপান্তর | | | |
| ৩.২৪ | রাজবাড়ীতে একটি নতুন ক্যারেজ মেরামত কারখানা নির্মাণের জন্য বিশদ নক্সা ও দরপত্র দলিল তৈরীসহ সম্ভাব্যতা সমীক্ষা | প্রকল্প পরিচালক জানান, ডিসেম্বর, ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ০.১৩% হলেও কোনো ভৌত অগ্রগতি নেই। তিনি আরো জানান, প্রকল্পের পরামর্শক নিয়োগ প্রক্রিয়া চূড়ান্ত পর্যায়ে রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | পিপিআর অনুসরণপূর্বক দ্রুততার সাথে পরামর্শক নিয়োগ প্রক্রিয়া চূড়ান্ত করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |

| ক্র. | প্রকল্পের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩.২৫ | বাংলাদেশ রেলওয়ের আখাউড়া-সিলেট সেকশনের মিটারগেজ রেল লাইনকে ডুয়েলগেজ | প্রকল্প পরিচালক জানান, মাননীয় প্রধানমন্ত্রীর সম্মতিক্রমে প্রকল্পটিতে বিকল্প অর্থায়নের নিমিত্ত অর্থনৈতিক সম্পর্ক বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। উপযুক্ত আর্থিক সহযোগিতা পেলে প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। | অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সাথে যোগাযোগ বৃদ্ধি করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.২৬ | বাংলাদেশ রেলওয়ের জন্য ২০০ টি মিটার গেজ প্যাসেঞ্জার ক্যারেজ সংগ্রহ। | প্রকল্প পরিচালক জানান, ডিসেম্বর ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ০.০৭% ও ভৌত অগ্রগতি ০.০০%। তিনি আরো উল্লেখ করেন, প্রকল্পের খসড়া ঋণ চুক্তি তৈরির কাজ অর্থনৈতিক সম্পর্ক বিভাগে চূড়ান্ত পর্যায়ে রয়েছে। এছাড়া, সরবরাহকারীর সক্ষমতা ও পণ্যের গুণগতমান যাচাইয়ের জন্য বাংলাদেশের প্রতিনিধি দল চায়না গমনের জন্য ঢাকাস্থ চায়না দূতাবাসে যোগাযোগ অব্যাহত রেখেছেন। সভাপতি দ্রুততার সাথে সকল কার্যক্রম এগিয়ে নিতে পরামর্শ প্রদান করেন। | ঋণ চুক্তি চূড়ান্তকরণের বিষয়ে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.২৭ | দর্শনা হতে ডামুরহুদা এবং মুজিবনগর হয়ে মেহেরপুর পর্যন্ত নতুন ব্রডগেজ রেল লাইন নির্মাণের জন্য সম্ভাব্যতা যাচাই ও বিশদ ডিজাইন | প্রকল্প পরিচালক জানান, ডিসেম্বর ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৩৭.৩৮% ও ভৌত অগ্রগতি ৬৭.২%। তিনি আরো জানান, বর্তমানে বিশদ ডিজাইনের কাজ চলমান; তবে বিশদ ডিজাইনসহ প্রাক্কলন ও ডিপিপি প্রণয়ন করতে অতিরিক্ত সময়ের প্রয়োজন হবে।<br><br>তিনি উল্লেখ করেন, প্রকল্পের মেয়াদ বৃদ্ধি ছাড়া IBASS++ সিস্টেমে পরামর্শক প্রতিষ্ঠানের বকেয়া বিল প্রদান করা সম্ভব হবে না বিধায় প্রকল্পটির অবশিষ্ট কাজ সমাপ্তিসহ IBASS++ সিস্টেমে পরামর্শক প্রতিষ্ঠানের বকেয়া বিল প্রদানের জন্য দাখিলকৃত ১ম সংশোধিত পিএফএস এর মেয়াদ ৩০-০৬-২০২২ পর্যন্ত রাখা হয়েছে। | নির্ধারিত মেয়াদের মধ্যে সকল কাজ সুষ্ঠুভাবে শেষ করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.২৮ | ভারতের সাথে রেল সংযোগ স্থাপনের লক্ষ্যে চিলাহাটি এবং চিলাহাটি বর্ডারের মধ্যে ব্রড গেজ রেলপথ নির্মাণ | প্রধান প্রকৌশলী (পশ্চিম) জানান, ডিসেম্বর ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৭৬.৯৩% ও ভৌত অগ্রগতি ৯৩%। তিনি আরো জানান, প্রকল্পের সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত হয়েছে; বর্তমানে একনেক'র অনুমোদনের জন্য প্রস্তাবটি অপেক্ষাধীন রয়েছে। | সংশোধিত ডিপিপি অনুমোদন করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.২৯ | চট্টগ্রাম পতেঙ্গায় প্রস্তাবিত বে-টার্মিনালে রেলওয়ে সংযোগের জন্য সম্ভাব্যতা সমীক্ষা | প্রকল্প পরিচালক জানান, ডিসেম্বর ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১৬.৯১% ও ভৌত অগ্রগতি ২৯%; তবে প্রকল্পের মেয়াদ এক বছর অর্থাৎ ৩০.০৬.২০২২ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। এ মেয়াদের মধ্যে সকল কাজ শেষ করতে সভায় নির্দেশনা প্রদান করা হয়। | প্রকল্পের নির্ধারিত মেয়াদের মধ্যে সকল কাজ সুষ্ঠুভাবে শেষ করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |

| ক্র. | প্রকল্পের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩.৩০ | পশ্চিমাঞ্চলের গুরুত্বপূর্ণ প্রকল্পসমূহের সম্ভাব্যতা সমীক্ষা | প্রকল্প পরিচালক জানান, ডিসেম্বর ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ২৫.০১% ও ভৌত অগ্রগতি ৭০%। সভায় প্রকল্পের আওতায় সমীক্ষার কাজ শেষ করে দ্রুত বিনিয়োগ প্রকল্পের জন্য ডিপিপি প্রস্তুতের পরামর্শ প্রদান করা হয়। | প্রকল্পের আওতায় দ্রুত সমীক্ষার কাজ শেষ করে বিনিয়োগ প্রকল্পের জন্য ডিপিপি প্রণয়ন করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.৩১ | সুনামগঞ্জ জেলা সদরে রেলওয়ে সংযোগের জন্য সম্ভাব্যতা সমীক্ষা এবং বিশদ ডিজাইন | প্রকল্প পরিচালক জানান, ডিসেম্বর ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১৯.৮৯% ও ভৌত অগ্রগতি ২৯%। প্রকল্পের টপোগ্রাফিক, জিওটেকনিক্যাল, হাইড্রোলজিক্যাল, ট্রাফিক সার্ভের মাঠ পর্যায়ের কাজ সম্পন্ন হয়েছে। দ্রুত এসকল রিপোর্ট দাখিল করে প্রকল্পের কাজ সমাপ্ত করা প্রয়োজন মর্মে সভায় একমত পোষণ করা হয়। | প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত বিভিন্ন রিপোর্ট দ্রুত দাখিল করে প্রকল্পের কাজ দ্রুত সমাপ্ত করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.৩২ | বাংলাদেশ রেলওয়ের ১০০ টি মিটারগেজ যাত্রীবাহী ক্যারেজ পুনর্বাসন (২য় পর্যায়) | প্রকল্প পরিচালক জানান, ডিসেম্বর ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৭.৮০% ও ভৌত অগ্রগতি ১৫% এবং ২০ টি গাড়ি Shot Blasting Cutting এর কাজ শেষ করা হয়েছে। আরডিপিপি প্রণয়ন করা আবশ্যক মর্মে তিনি সভায় জানান। সভায় দ্রুত আরডিপিপি প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে নির্দেশনা প্রদান করা হয়। | দ্রুত আরডিপিপি প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.৩৩ | ঢাকা-চট্টগ্রাম-কক্সবাজার রেল প্রকল্প প্রস্তুতিমূলক সুবিধার জন্য কারিগরী সহায়তা প্রকল্প (১ম সংশোধিত) | প্রকল্প পরিচালক জানান, ডিসেম্বর ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৭৮.৭৪% ও ভৌত অগ্রগতি ৯৩%। প্রকল্পের আওতায় ৮টি কম্পোনেন্টের ফিজিবিলিটি স্ট্যাডি ও ডিটেইল্ড ডিজাইনের কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে ডিপিপি ও টেন্ডার ডকুমেন্ট প্রণয়নের কাজ চলমান রয়েছে। সভাপতি দ্রুততার সাথে গুরুত্বপূর্ণ কম্পনেন্টগুলির ডিপিপি প্রস্তুত করতে নির্দেশনা প্রদান করেন। | দ্রুততার সাথে গুরুত্বপূর্ণ কম্পনেন্টগুলির ডিপিপি প্রস্তুত করতে করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.৩৪ | দোহাজারী হতে রামু হয়ে কক্সবাজার এবং রামু হতে মায়ানমারের নিকটে গুনদুম পর্যন্ত সিঙ্গেল লাইন ডুয়েল গেজ ট্র্যাক নির্মাণ প্রকল্প এর প্রকল্প বাস্তবায়ন ব্যবস্থাপনায় বাংলাদেশ রেলওয়ের সামর্থ্য বৃদ্ধির লক্ষ্যে কারিগরি সহায়তা প্রকল্প | প্রকল্প পরিচালক জানান, ডিসেম্বর ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৪৬.৮৯% ও ভৌত অগ্রগতি ৪৭%। কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের সকল কাজ সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা হয়। | কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের সকল কাজ সম্পন্ন করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |

| ক্র. | প্রকল্পের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩.৩৫ | বাংলাদেশ রেলওয়ের রোলিং স্টক অপারেশন (কারিগরি সহায়তা) প্রকল্প | প্রকল্প পরিচালক জানান, ডিসেম্বর ২০২১ পর্যন্ত প্রকল্পের কোন ও ভৌত অগ্রগতি নেই। প্রধান পরিকল্পনা কর্মকর্তা জানান, বিবেচ্য কারিগরী সহায়তা প্রকল্পটি এডিবি'র ঋণের জন্য নির্ধারিত থাকলেও এডিবি ঋণ প্রদান করবে না মর্মে জানিয়েছে। প্রকল্পটি জিওবি অর্থায়নে করার জন্য টিপিপি সংশোধন রেলপথ মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রয়েছে। সভাপতি যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে সকল কার্যাদি সম্পন্নের নির্দেশনা প্রদান করেন। | আরডিপিপি'র উপর যাচাই সভা করে দ্রুত সংশোধন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও বাংলাদেশ রেলওয়ে |
| ৩.৩৬ | রেল যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে সুবিধাদি প্রস্তুতিমূলক কারিগরি সহায়তা প্রকল্প | প্রকল্প পরিচালক জানান, ডিসেম্বর ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ০.০৪% ও ভৌত অগ্রগতি ২%। কনসালটেন্সি ফার্ম নিয়োগের কাজ চলমান রয়েছে। | সংশ্লিষ্ট নীতিমালা অনুসরণপূর্বক দ্রুত কনসালটেন্সি ফার্ম নিয়োগ করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |

৪.০ আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

04/02/2022

(ড. মো: হুমায়ুন কবীর)
সচিব